

BCS প্রিলি.

লেখক শিট

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি



Lecture Contents

- File Extension
- Number Systems of Computer
- Number Conversion
- Binary Math's
- Logic Gates
- Boolean Algebra
 - ◆ OR, AND, NOT
 - ◆ Boolean Variable
 - ◆ NAND, NOR
 - ◆ Boolean Constant
 - ◆ XOR, X-NOR
- Concept of Code
- Internet
 - ◆ Wireless Communication System
 - ◆ Hotspot, Bluetooth, Wi-Fi, Wi-Max etc.

File Extension

Extensions	Name of File
.mp3, .mpa, .wav, .wma, .midi/mid, .aif	Audio files
.zip, .rpm, .tar, .gz, .7z, .z	Compressed files
.bin, .dmg, .iso, .toast, .bmp, .gif, .jpeg, .jpg, .png, .psd, .ai	Image files
.bak, .cab, .cpl, .dll, .icns, .ini, .msi, .sys, .tmp	System files
.3g2, .3gp, .avi, .m4v, .mkv, .mp4, .mpg, .mpeg, .vob, .wmv	Video files
.apk, .bat, .cgi, .pl, .com, .exe, .gadget, .jar, .wsf, .py	Executable files

Number System of Computer

▶ সংখ্যা আবিষ্কারের ইতিহাস (History of Inventing Number)

খ্রিস্টপূর্ব ৩৪০০ সালে হায়ারোগ্লিফিক্স (Hieroglyphics) চিহ্ন বা সংখ্যা পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সর্বপ্রথম গণনার কাজে লিখিত সংখ্যা বা চিহ্নের প্রচলন শুরু হয় বলে ধারণা করা হয়। এরপর মেয়ান (Mayan) সংখ্যা পদ্ধতি শুরু হয়। ভারতবর্ষে ও আরবে শুরু হয় দশমিক সংখ্যা পদ্ধতি। আমরা সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করি তার নাম হচ্ছে দশমিক সংখ্যা পদ্ধতি। আর কম্পিউটার বা ডিজিটাল ডিভাইসের ব্যবহৃত সংখ্যা পদ্ধতি হল বাইনারি সংখ্যা পদ্ধতি।

▶ সংখ্যা পদ্ধতি (Number System)

গাণিতিক হিসাব নিকাশের জন্য ব্যবহৃত বিভিন্ন ধরনের বর্ণ, সংখ্যা, চিহ্ন প্রকাশের পদ্ধতিকে সংখ্যা পদ্ধতি বলে।

কোন সংখ্যা পদ্ধতি লিখে প্রকাশ করার জন্য যে সমস্ত সাংকেতিক চিহ্ন বা মৌলিক চিহ্ন ব্যবহার করা হয় তাকে অংক বা digit বলে। যেমন- দশমিক পদ্ধতিতে মোট অংক ১০টি (০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯) ব্যবহার করা হয়। বাইনারি পদ্ধতিতে মোট দুইটি অংক (০ এবং ১) ব্যবহার করা হয়। শূন্য (০) আবিস্কৃত হয় ভারতবর্ষে।

▶ সংখ্যা পদ্ধতির ভিত্তি (Base)

কোন সংখ্যা পদ্ধতিকে লিখে প্রকাশ করার জন্য যতগুলো মৌলিক চিহ্ন বা অংক ব্যবহার করা হয় তার সমষ্টিকে বলা হয় ঐ সংখ্যা পদ্ধতির বেস বা ভিত্তি। যেমন- বাইনারি পদ্ধতির বেস ২।



এক নজরে গুরুত্বপূর্ণ তথ্য

- যে পদ্ধতিতে সংখ্যা গণনা করা হয় বা প্রকাশ করা হয়, তাকে বলে- সংখ্যা পদ্ধতি।
- সংখ্যা পদ্ধতিকে সাধারণত ভাগ করা হয়- ৪ ভাগে।
- দশমিক সংখ্যা পদ্ধতির ভিত্তি হচ্ছে- ১০।
- বাইনারি সংখ্যার ভিত্তি হলো- ২।
- বাইনারি সংখ্যা পদ্ধতি প্রতীক হলো দুটি যথা- ০ ও ১।
- কম্পিউটার ডেটা সংরক্ষণের জন্য ব্যবহার করা হয়- বাইনারি পদ্ধতি।
- কম্পিউটারের সমস্ত কাজ সমাপ্ত হয় ০ ও ১ ব্যবহার করে।
- ডিজিটাল সিস্টেমে ১ মানে- on/true/high/Active.
- ডিজিটাল সিস্টেমে ০ মানে- off/false/low/inactive.
- কম্পিউটারের ডিজিটাল পদ্ধতি হলো- বাইনারি

- অষ্টাল সংখ্যা পদ্ধতির ভিত্তি হচ্ছে-৮।
- অষ্টাল সংখ্যা পদ্ধতিতে ব্যবহৃত ৮টি অঙ্ক হলো- ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭।
- হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতির ভিত্তি হচ্ছে ১৬টি (0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, A, B, C, D, E, F).
- ইলেকট্রনিক সিগন্যালকে বাইনারি ডিজিট ০ তথা ১ এ প্রকাশ করাই হলো বিট।
- ৮টি বিট নিয়ে গঠিত-১ বাইট।
- কম্পিউটার পদ্ধতির একক মেগাবাইট (১০২৪×১০২৪) বাইট।
- কম্পিউটার পদ্ধতির ১ গিগাবাইট- ১০২৪ মেগাবাইট।

Number Conversion

ডেসিমেল, বাইনারি, অষ্টাল ও হেক্সাডেসিমেল মোট চার ধরনের সংখ্যা পদ্ধতির মধ্যে এক সংখ্যা পদ্ধতির সংখ্যাকে আর এক সংখ্যা পদ্ধতিতে রূপান্তর করা যায়।

দশমিক, বাইনারি, অষ্টাল ও হেক্সাডেসিমেল সংখ্যার তুলনা ছক

দশমিক	বাইনারি	অষ্টাল	হেক্সাডেসিমেল
০	০	০	০
১	১	১	১
২	১০	২	২
৩	১১	৩	৩
৪	১০০	৪	৪
৫	১০১	৫	৫
৬	১১০	৬	৬
৭	১১১	৭	৭
৮	১০০০	১০	৮
৯	১০০১	১১	৯
১০	১০১০	১২	A
১১	১০১১	১৩	B
১২	১১০০	১৪	C
১৩	১১০১	১৫	D
১৪	১১১০	১৬	E
১৫	১১১১	১৭	F

বিভিন্ন সংখ্যায় রূপান্তর


* দশমিক সংখ্যা থেকে বাইনারি, অষ্টাল ও হেক্সাডেসিমেল সংখ্যায় রূপান্তর

ক. দশমিক সংখ্যা হতে বাইনারি সংখ্যায় রূপান্তর (Decimal to Binary) :

দশমিক সংখ্যা হতে বাইনারি সংখ্যায় রূপান্তর করতে হলে দশমিক সংখ্যাকে ২ দ্বারা ভাগ করে প্রাপ্ত ভাগফলকে পুনরায় ২ দ্বারা ভাগ করতে হয়। এভাবে ততক্ষণ পর্যন্ত ভাগ করতে হবে যতক্ষণ পর্যন্ত না ভাগফল ০ হয়। এবার ভাগশেষগুলো বিপরীত দিক হতে পাশাপাশি লিখে দশমিক সংখ্যাটির সমকক্ষ বাইনারি সংখ্যা পাওয়া যায়।

উদাহরণ : $(২৩)_{১০}$ কে বাইনারিতে রূপান্তর করুন।

সমাধান : অবশিষ্ট (Reminder)



$$\therefore (২৩)_{১০} = (১০১১১)_২$$

ভগ্নাংশের ক্ষেত্রে দশমিক হতে বাইনারিতে রূপান্তর

দশমিক ভগ্নাংশকে ২ দ্বারা গুণ করতে হয় এবং গুণফলের পূর্ণ অংকটি আলাদা রেখে ভগ্নাংশ অংকটিকে পুনরায় ২ দ্বারা গুণ করার পর যদি ০ (শূন্য) না আসে তবে পাঁচবার গুণ করলেই যথেষ্ট। এরপর পূর্ণ অংক হিসেবে প্রাপ্ত অংকগুলো প্রাপ্তির ক্রমানুসারে পাশাপাশি লিখে দশমিক সংখ্যার সমকক্ষ বাইনারি সংখ্যা পাওয়া যায়।



উদাহরণ ১ : $(0.86)_{10}$ কে বাইনারিতে রূপান্তর করুন।
সমাধান :

	.86	(MSB)
	$\times 2$	
0	.৯২	
	$\times 2$	
১	.৮৪	
	$\times 2$	
১	.৬৮	
	$\times 2$	
১	.৩৬	
	$\times 2$	
0	.৭২	(LSB)

$$\therefore (0.86)_{10} = (0.01110\dots)_2$$

উদাহরণ ২ : $(123.85)_{10}$ কে বাইনারিতে রূপান্তর করুন।

পূর্ণ অংশ		(LSB)
২	১২৩	
২	৬১-১	
২	৩০-১	
২	১৫-০	
২	৭-১	
২	৩-১	
২	১-১	
	০-১	(MSB)

ভগ্নাংশ অংশ		(MSB)
	.85	
	$\times 2$	
0	.৯০	
	$\times 2$	
১	.৮০	
	$\times 2$	
১	.৬০	
	$\times 2$	
১	.২০	
	$\times 2$	
0	.৪০	(LSB)

$$\therefore (123.85)_{10} = (1111011.01110\dots)_2$$

খ. দশমিক সংখ্যাকে অষ্টালে রূপান্তর : দশমিক সংখ্যাকে পর্যায়ক্রমে ৮ দিয়ে ভাগ করে ভাগশেষগুলোকে একত্র করে দশমিক সংখ্যাটির অষ্টাল সমকক্ষ সংখ্যা পাওয়া যায়। প্রথম এবং শেষ ভাগশেষ দুটি সংখ্যাকে যথাক্রমে অষ্টাল সংখ্যার সর্বনিম্ন ও সর্বোচ্চ গুরুত্বপূর্ণ স্থানে বসাতে হয়।

সমাধান :

$$(23.125)_{10} = (?)_8$$

পূর্ণ অংশ,

৮	২৩	
৮	২-৭	
	০-২	

$$\therefore (23)_{10} = (27)_8$$

ভগ্নাংশের ক্ষেত্রে (৮ দ্বারা গুণ) :

পূর্ণাংশ	ভগ্নাংশ
	.১২৫
	$\times 8$
১	.০০০

$$\therefore (0.125)_{10} = (0.1)_8$$

$$\begin{aligned} \therefore (23.125)_{10} &= (23 + 0.125)_{10} \\ &= (27 + 0.1)_8 \\ &= (27.1)_8 \end{aligned}$$

গ. দশমিক থেকে হেক্সাডেসিমলে রূপান্তর

দশমিক থেকে হেক্সাডেসিমলে রূপান্তরের প্রক্রিয়ায় দশমিক পূর্ণসংখ্যাকে পর্যায়ক্রমে ১৬ দ্বারা ভাগ এবং ভগ্নাংশকে ১৬ দ্বারা গুণ করতে হয়।

উদাহরণ : $(৮৫০)_{10}$ কে হেক্সাডেসিমলে রূপান্তর করুন।

সমাধান :

১৬	৮৫০	ভাগশেষ
১৬	৫৩-২	সর্বনিম্ন গুরুত্বের অংক (LSB)
১৬	৩-৫	
১৬	০-৩	সর্বোচ্চ গুরুত্বের অংক (MSB)

$$\therefore (৮৫০)_{10} = (৩৫২)_{16}$$


▶ বাইনারি, অষ্টাল ও হেক্সাডেসিমেল সংখ্যা হতে দশমিক সংখ্যার রূপান্তর যে কোনো সংখ্যা পদ্ধতি থেকে দশমিক সংখ্যা পদ্ধতিতে রূপান্তরের সাধারণ নিয়ম-

বাইনারি/অষ্টাল/হেক্সাডেসিমেল অথবা অন্য কোনো সংখ্যা পদ্ধতি থেকে দশমিক সংখ্যা পদ্ধতিতে সংখ্যার রূপান্তরের ক্ষেত্রে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে। উল্লেখ্য, এ ক্ষেত্রে পূর্ণাঙ্ক এবং ভগ্নাংশের জন্য একই নিয়ম প্রযোজ্য।

ধাপ-১ : প্রদত্ত সংখ্যাটির বেজ শনাক্ত করে সংখ্যাটির অর্ন্তগত প্রত্যেকটি অংকের স্থানীয় মান বের করতে হবে।

ধাপ-২ : সংখ্যার অর্ন্তগত প্রত্যেকটি অংকের নিজস্ব মানকে তার স্থানীয় মান দিয়ে গুণ করতে হবে।

ধাপ-৩ : গুণফলগুলোর যোগফলই হবে সমতুল্য দশমিক সংখ্যা।



ক. বাইনারি থেকে দশমিকে রূপান্তর : বাইনারি সংখ্যার প্রতিটি ১ এর স্থানীয় মান যোগ করে সংখ্যাটির সমকক্ষ দশমিক মান নির্ণয় করা যায়। বাইনারি সংখ্যা হতে দশমিক সংখ্যায় রূপান্তর করতে হলে বাইনারি সংখ্যাটির প্রত্যেকটি বিট কে 2^n দ্বারা গুণ করতে হয়, যেখানে n হলো সংখ্যাটির বিটগুলোর অবস্থান, যা ০ থেকে শুরু হয়ে ১, ২, ৩ ইত্যাদি ক্রমে বাড়তে থাকবে এবং ডান দিক হতে শুরু হবে। এবার গুণফলগুলোকে যোগ করে সংখ্যাটির দশমিক মান পাওয়া যায়।



উদাহরণ-১ : বাইনারি থেকে দশমিকে রূপান্তর করুন।

সমাধান : $(11011.101)_2$

$$\begin{aligned} &= 1 \times 2^4 + 1 \times 2^3 + 0 \times 2^2 + 1 \times 2^1 + 1 \times 2^0 + 1 \times 2^{-1} + 0 \times 2^{-2} + 1 \times 2^{-3} \\ &= 16 + 8 + 0 + 2 + 1 + 1/2 + 0 + 1/8 \\ &= 29 + 0.5 + 0.125 \\ &= (29.625)_{10} \end{aligned}$$

উদাহরণ-২ : $(101100)_2$ কে দশমিক সংখ্যায় রূপান্তর করুন।

সমাধান :

৫	৪	৩	২	১	০	→ বিটের অবস্থান
↑	↑	↑	↑	↑	↑	
১	০	১	১	০	০	
			$0 \times 2^0 = 0$			
			$0 \times 2^1 = 0$			
			$1 \times 2^2 = 4$			
			$1 \times 2^3 = 8$			
			$0 \times 2^4 = 0$			
			$1 \times 2^5 = 32$			
			88			

$\therefore (101100)_2 = (88)_{10}$

▶ ভগ্নাংশের ক্ষেত্রে বাইনারিকে দশমিক সংখ্যায় রূপান্তর

ভগ্নাংশের ক্ষেত্রে বাইনারি দশমিকের পর বাম হতে শুরু করে ডান দিকে $-1, -2, -3,$ ইত্যাদি দ্বারা অবস্থান চিহ্নিত করে নিতে হয়। এরপর প্রত্যেকটি বিটকে 2^n দ্বারা গুণ করে গুণফলগুলোকে যোগ করলে দশমিক মান পাওয়া যায়। যেখানে n হলো $-1, -2, -3$ ইত্যাদি।

উদাহরণ-১ : $(0.111)_2$ কে দশমিক সংখ্যায় রূপান্তর করুন।

সমাধান :

-১	-২	-৩	
↑	↑	↑	
.১	১	১	
$1 \times 2^{-3} = 1/2^3$	$= 1/8$	$= 0.125$	
$1 \times 2^{-2} = 1/2^2$	$= 1/4$	$= 0.25$	
$1 \times 2^{-1} = 1/2^1$	$= 1/2$	$= 0.5$	
	0.875		

$\therefore (0.111)_2 = (0.875)_{10}$

উদাহরণ-২ : $(10101.1101)_2$ কে দশমিক সংখ্যায় রূপান্তর করুন।

সমাধান :

৪	৩	২	১	০	১	২	৩	৪
↑	↑	↑	↑	↑	↑	↑	↑	↑
১	০	১	০	১	১	১	০	১
$1 \times 2^4 + 0 \times 2^3 + 1 \times 2^2 + 0 \times 2^1$								
$+ 1 \times 2^0 + 1 \times 2^{-1} + 1 \times 2^{-2} + 0 \times 2^{-3} + 1 \times 2^{-4}$								
$= 16 + 0 + 4 + 0 + 1 + 1/2 + 1/4 + 0 + 1/16$								
$= 21 + 1/2 + 1/4 + 0 + 1/16$								
$= 21 + .5 + .25 + 0 + 0.0625 = 21.8125$								

$\therefore (10101.1101)_2 = (21.8125)_{10}$

খ. অক্টাল থেকে দশমিকে রূপান্তর : অক্টাল সংখ্যার প্রতিটি স্থানীয় মান যোগ করে সংখ্যাটির সমকক্ষ দশমিক মান নির্ণয় করা যায়।

উদাহরণ : $(123.480)_8$ কে দশমিকে রূপান্তর করুন।

সমাধান : $(123.480)_8$

$$\begin{aligned} &= 1 \times 8^2 + 2 \times 8^1 + 3 \times 8^0 + 4 \times 8^{-1} + 8 \times 8^{-2} + 0 \times 8^{-3} \\ &= 64 + 16 + 3 + 4 \times (1/8) + 8 \times (1/64) \\ &= 83 + 0.5 + 0.0625 \\ &= (83.5625)_{10} \end{aligned}$$

গ. হেক্সাডেসিমেল থেকে দশমিকে রূপান্তর : হেক্সাডেসিমেল থেকে দশমিকে রূপান্তরে প্রথমে প্রদত্ত সংখ্যার প্রতিটি অংককে উহার নিজস্ব স্থানীয় মান দ্বারা গুণ করতে হবে। পরে ঐ সমস্ত গুণফলকে যোগ করে হেক্সাডেসিমেল সংখ্যাটির সমকক্ষ দশমিক সংখ্যার মান বের করা যায়।

উদাহরণ : $(B5D.8C)_{16}$ কে দশমিকে রূপান্তর করুন।

সমাধান : $(B5D.8C)_{16}$


$$\begin{aligned} &= B \times 16^2 + 5 \times 16^1 + D \times 16^0 + 8 \times 16^{-1} + C \times 16^{-2} \\ &= 11 \times 256 + 80 + 13 + 0.5 + 0.03125 \\ &= 2809.53125 \\ &= (2809.53125)_{10} \end{aligned}$$

▶ বাইনারি, অক্টাল ও হেক্সাডেসিমেল সংখ্যার মধ্যে পারস্পরিক রূপান্তর

ক. অক্টাল থেকে বাইনারিতে রূপান্তর

উদাহরণ : $(129)_8$ কে বাইনারিতে রূপান্তর করুন।

সমাধান :



$\therefore (129)_8 = 001010111 = (1010111)_2$

খ. বাইনারি থেকে অক্টাল রূপান্তর করুন।

উদাহরণ : $(1111011)_2$ কে অক্টালে রূপান্তর করুন।

সমাধান :

১	১১১	০১১
001	111	011
1	৭	৩


$\therefore (1111011)_2 = (193)_8$

কিন্তু ভগ্নাংশের ক্ষেত্রে বাইনারি বিন্দুর ডান থেকে তিনটি বিট নিয়ে ছোট ভাগ করা ভাগে খালি জায়গা থাকলে ডানে প্রয়োজনীয় ০ দিয়ে পূর্ণ করতে হবে।

গ. হেক্সাডেসিমেল থেকে বাইনারি রূপান্তর

উদাহরণ : $(12A)_{16}$ কে বাইনারি রূপান্তর করুন।

সমাধান :



$\therefore (12A)_{16} = 000100101010 = (100101010)_2$

পূর্ণাংশের ক্ষেত্রে ডান দিক থেকে প্রতি তিনটি বিট একত্রে নিয়ে ভাগ করে বাম দিকে যেতে হবে এবং বাম দিকের ভাগে খালি থাকলে প্রয়োজনীয় ০ দিয়ে পূর্ণ করতে হবে।



▶ বাইনারি থেকে হেক্সাডেসিমলে রূপান্তর

উদাহরণ : (১১১১০১১)_২ কে হেক্সাডেসিমলে রূপান্তর করুন।

সমাধান :

১১১	১০১১	পূর্ণাংশের ক্ষেত্রে ডান দিক থেকে প্রতি চারটি বিট একত্রে নিয়ে ছোট ভাগ করে বাম দিকে যেতে হবে এবং বাম দিকের ভাগে খালি থাকলে প্রয়োজনীয় ০ দিয়ে পূর্ণ করতে হবে।
০ ১১ ১	১০ ১ ১	
৭	B	

$$\therefore (১১১১০১১)_২ = (৭B)_{১৬}$$


কিন্তু ভগ্নাংশের ক্ষেত্রে বাইনারি বিন্দুর ডান দিক থেকে চারটি বিট নিয়ে ছোট ছোট ভাগ করা হয়। শেষের ডান দিকের ভাগে খালি জায়গা থাকলে ডানে প্রয়োজনীয় ০ দিয়ে পূর্ণ করতে হবে।

▶ অক্টাল-হেক্সাডেসিমেল রূপান্তর

অক্টাল-হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতির পারস্পরিক রূপান্তরের ক্ষেত্রে প্রথমে সংখ্যাটিকে দশমিকে অথবা বাইনারিতে রূপান্তর করে তারপর কাজক্ষিত সংখ্যা পদ্ধতিতে রূপান্তর করা হয়। এ দুটি পদ্ধতির মধ্যে বাইনারি পদ্ধতির মধ্যস্থতায় রূপান্তরই সহজতম পদ্ধতি।

উদাহরণ : (১২A)_{১৬} কে অক্টালে রূপান্তর করুন।

সমাধান :



$$\therefore (১২A)_{১৬} = (০০০১০০১০১০)_{২}$$

$$\text{এখন, } \frac{০০০}{০} \frac{১০০}{৪} \frac{১০১}{৫} \frac{০১০}{২}$$

$$\therefore (১২A)_{১৬} = ০৪৫২ = (৪৫২)_৮$$

অক্টাল সংখ্যা পদ্ধতি
বেজ ৮

দশমিক পদ্ধতির
মধ্যস্থতায়

বাইনারি পদ্ধতির
মধ্যস্থতায়

Binary Math's (বাইনারি গণিত)

দশমিক সংখ্যা পদ্ধতির গাণিতিক প্রক্রিয়াসমূহ (যেমন- যোগ, বিয়োগ, গুণ, ভাগ) বহুল পরিচিত। এ ধরনের গাণিতিক প্রক্রিয়াসমূহ বাইনারি সংখ্যা পদ্ধতিতেও বর্তমান। বাইনারি পদ্ধতিতে গাণিতিক কাজ করা বেশ সহজ কারণ, এক্ষেত্রে মাত্র দুটি সংখ্যা ০ এবং ১ জড়িত থাকে। নিম্নে বাইনারি যোগ, বিয়োগ, গুণ এবং ভাগ পদ্ধতি নিয়ে আলোচনা করা হলো-

▶▶▶▶▶▶▶▶ বাইনারি যোগ

দশমিক পদ্ধতির মতো একই উপায়ে বাইনারি যোগ করা হয়। দুটি বাইনারি অংক যোগের চারটি নিম্নরূপ অবস্থা হয়-

$$০ + ০ = ০$$

$$০ + ১ = ১$$

$$১ + ০ = ১$$

$$১ + ১ = ০ \text{ এবং এর সাথে হাতে } ১ \text{ থাকবে। (হাতে থাকাকে ক্যারি বলে)}$$

$$১ + ১ + ১ = ১ \text{ হাতে } ১$$

উদাহরণ : (ক) ১১০০১০১ এর সাথে ১০১০১০১ যোগ করুন।

সমাধান :

$$১১০০১০১$$

$$১০১০১০১$$

$$\hline ১০১১১০১০$$

(খ) (৯F.C৬)_{১৬} ও (২৭৭.৩৬)_৮ যোগ করুন এবং ফলাফল হেক্সাডেসিমলে

প্রকাশ করুন।

সমাধান :

$$(৯F.C৬)_{১৬} \quad ১০০১১১১১.১১০০০১১০$$

$$(২৭৭.৩৬)_{৮} \quad ০১০১১১১১.০১১১১০০০$$

$$\hline ১৫F.৩E \quad ১০১০১১১১.০০১১১১১১০$$

$$১ \quad ৫ \quad F \quad ৩ \quad E$$

▶▶▶▶▶▶▶▶ বাইনারি বিয়োগ

বাইনারি সংখ্যা পদ্ধতিতে বিয়োগের নিয়ম দশমিক পদ্ধতির অনুরূপ। দুটি বাইনারি অংক বিয়োগের জন্য নিম্নোক্ত চারটি অবস্থার সৃষ্টি হয়-

$$০ - ০ = ০ \quad ১ - ০ = ১$$

$$১ - ১ = ০ \quad ০ - ১ = ১ \text{ এবং ক্যারি থাকছে } ১।$$

এ পদ্ধতিতেও দশমিক পদ্ধতির মতো ছোট সংখ্যা অর্থাৎ ১ বিয়োগ করলে ধার থাকে ১। এ ধার পরবর্তী স্তর থেকে নেয়া হয়। কম্পিউটারে এই নিয়মে বিয়োগ করা হয় না। ২ এর পরিপূরক পদ্ধতিতে যোগের সাহায্যে বিয়োগ করা হয়।

▶▶▶▶▶▶▶▶ বাইনারি গুণ

বাইনারি পদ্ধতিতে খুব সহজে গুণ করা যায়। দশমিক পদ্ধতিতে গুণ করার জন্য নামতা মনে রাখতে হয়। কিন্তু বাইনারি পদ্ধতিতে মাত্র চারটি গুণফল জানলেই যথেষ্ট। তবে কম্পিউটারে এই নিয়মে গুণ করা হয় না।

নিচের বাইনারি চারটি অবস্থা দেয়া হলো-

$$০ \times ০ = ০ \quad ১ \times ০ = ০$$

$$০ \times ১ = ০ \quad ১ \times ১ = ১$$

▶▶▶▶▶▶▶▶ বাইনারি ভাগ


দশমিক পদ্ধতির ভাগের নিয়মেই বাইনারিতে ভাগ করা হয়। এখানে কোনো রকম জটিলতা নেই। বাইনারি পদ্ধতিতে ০ দিয়ে ভাগ করাকে অর্থহীন বলে। এ পদ্ধতিতে ব্যবহৃত চারটি অবস্থা নিম্নরূপ-

$$০/০ = \text{অর্থহীন} \quad ১/০ = \text{অর্থহীন}$$

$$০/১ = ০ \quad ১/১ = ১$$



Logic Gate




১. যে সকল ডিজিটাল ইলেক্ট্রনিক সার্কিট যুক্তিভিত্তিক সংকেতের প্রবাহ নিয়ন্ত্রণ করে সে সকল সার্কিটকে বলে লজিক গেইট।
২. ডিজিটাল ইলেক্ট্রনিক্সে তিনটি মৌলিক লজিক গেইট ব্যবহৃত হয়। যথা-
১. অর (OR) গেইট; ২. অ্যান্ড (AND) গেইট; ৩. নট (NOT) গেইট।
৩. ডিজিটাল সিস্টেমে বাইনারি ০ বা ১ প্রকৃতপক্ষে ০ বা ১ ভোল্টেজকে- প্রকাশ করে না।
৪. ভোল্টেজ লেভেল ০ থেকে ০.৮ ভোল্টেজ হলে লজিক ০ এবং ভোল্টেজ লেভেল ২ থেকে ৫ ভোল্ট হয় তাকে- লজিক ১ ধরা হয়।

▶ অর (OR) গেইট

- ◆ অর গেইটে দুই বা দুই-এর অধিক ইনপুট এবং একটি আউটপুট থাকে। অর গেইটের যে কোনো একটি ইনপুট ১ হলে আউটপুট ১ হবে।



চিত্র : দুই ইনপুট অর গেইট




চিত্র : তিনটি ইনপুট বিশিষ্ট অর গেইট


Input		Output
A	B	A OR B
0	0	0
0	1	1
1	0	1
1	1	1

▶ অ্যান্ড (AND) গেইট

- ◆ অ্যান্ড গেইটে দুই বা দুইয়ের অধিক ইনপুট এবং একটি আউটপুট থাকে। অ্যান্ড গেইটের সকল ইনপুট ১ হলেই কেবলমাত্র আউটপুট ১ হবে অন্যথায় আউটপুট ০ হবে। কোনো একটি ইনপুট '০' হলেই আউটপুট '০' হবে।



চিত্র : দুই ইনপুট অ্যান্ড গেইট




চিত্র : তিন ইনপুট গেইট

Input		Output
A	B	A AND B
0	0	0
0	1	0
1	0	0
1	1	1



▶ নট (NOT) গেইট

- নট গেইটে একটি ইনপুট ও একটি আউটপুট থাকে। নট গেইটের ইনপুট ১ হলে আউটপুট ০ এবং ইনপুট ০ হলে আউটপুট ১ হয়। “আউটপুট হবে ইনপুট এর বিপরীত”।



চিত্র : নট গেইট

Input	Output
A	NOT (A)
1	0
0	1

- ডিজিটাল ইলেক্ট্রনিক্সে উপরোক্ত মৌলিক তিনটি লজিক গেইট ছাড়া আরও কিছু গেইট ব্যবহার করা হয়। যথা- ন্যান্ড গেইট, নর গেইট, এক্স অর গেইট, এক্সনর গেইট। এ গেইটগুলো মৌলিক গেইট দ্বারা তৈরি করা যায়।

▶ ন্যান্ড (NAND) গেইট

- অ্যান্ড গেইট হতে নির্গত সংকেতটি নট গেইটের মধ্য দিয়ে প্রবাহিত করলে ন্যান্ড (NAND) গেইটের কাজ হয়। অর্থাৎ অ্যান্ডের পর নট যুক্ত করে ন্যান্ড গেইট বাস্তবায়ন করা হয়। লজিক সার্কিট তৈরির জন্য ন্যান্ড গেইটের বহুল প্রচলন রয়েছে।

Input		Output
A	B	A NAND B
0	0	1
1	0	1
0	1	1
1	1	0

▶ নর (NOR) গেইট

- অর গেইটের পর নট গেইট থাকলে তাদের সংযুক্ত ফল নর (NOR) গেইটের কাজ করে।

Input		Output
A	B	A NOR B
0	0	1
1	0	0
0	1	0
1	1	0

NOR Gate Truth Table

▶ এক্স-অর (XOR) গেইট

- মৌলিক গেইট দিয়ে এই সার্কিট তৈরি করা গেলেও অ্যান্ড, অর, নট, ন্যান্ড ও নর গেইটের মতো এটি একীভূত সার্কিট আকারে পাওয়া যায়।

Input		Output
A	B	A XOR B
0	0	0
1	0	1
0	1	1
1	1	0

▶ এক্স-নর (X-NOR) গেইট

- এক্স-অর গেইটের আউটপুটকে নট গেইট দিয়ে প্রবাহিত করলে এক্স-নর গেইট পাওয়া যায়।

Input		Output
A	B	A X-NOR B
0	0	1
0	1	0
1	0	0
1	1	1



এক কথায় উত্তর

১. .mp3 কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: অডিও।

২. .wav কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: অডিও।

৩. .zip কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: compressed file।

৪. .gif কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Image File।

৫. .jpg কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Image file।

৬. .png কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Image file।

৭. .tar কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Compressed file।

৮. .tmp কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: System।

৯. .ini কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: System file।

১০. .jpeg কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Image file।

১১. কোনো সংখ্যাকে লেখা বা প্রকাশ করার পদ্ধতিকে কী বলা হয়?

উত্তর: সংখ্যা পদ্ধতি।

১২. সংখ্যা পদ্ধতি মোট কত প্রকার?

উত্তর: দুই প্রকার। যথা: ১. পজিশনাল এবং ২. নন-পজিশনাল সংখ্যা পদ্ধতি।

১৩. বাইনারি সংখ্যা পদ্ধতিতে অঙ্ক কতটি?

উত্তর: দুইটি যথা: ০ ও ১।

১৪. কম্পিউটার ডেটা সংরক্ষণের জন্য যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করে তাকে কী বলে?

উত্তর: বাইনারি।



১৫. ডেসিমেল সংখ্যা পদ্ধতির ভিত্তি কত?

উত্তর: ১০।

১৬. অক্টাল সংখ্যা পদ্ধতির ভিত্তি কত?

উত্তর: ৮।

১৭. হেক্সাডেসিমেল নম্বর গঠনের সংমিশ্রণ কী?

উত্তর: অক্ষর ও ডেসিমেল ডিজিট।

১৮. শূন্য সংখ্যার আদি ধারণা কাদের?

উত্তর: ভারতীয়দের।

১৯. সর্বপ্রথম শূন্য ও দশ ভিত্তিক স্থানীয় মান পদ্ধতির প্রচলন করে কারা?

উত্তর: প্রাচীন ভারতবর্ষের গণিতবিদগণ।

২০. ASCII-এর পূর্ণরূপ কী?

উত্তর: American Standard Code For Information Interchange।

২১. BCD-এর পূর্ণরূপ কী?

উত্তর: Binary Coded Decimal।

২২. ASCII কোড সাধারণত কত বিটের?

উত্তর: ৭ বিট।

২৩. BCD কোড সাধারণত কত বিটের?

উত্তর: ৪ বিট।

২৪. UNICODE কত বিটের?

উত্তর: ১৬ বিটের কোড।

২৫. .exe কোন ধরনের ফাইল এক্সটেনশন?

উত্তর: Executable file।

২৬. আমাদের প্রচলিত সংখ্যা পদ্ধতি কী নামে পরিচিত?

উত্তর: দশমিক সংখ্যা পদ্ধতি।

২৭. কম্পিউটার বা ডিজিটাল ডিভাইসের ব্যবহৃত সংখ্যা পদ্ধতি কোন ধরনের সংখ্যা পদ্ধতি?

উত্তর: বাইনারি সংখ্যা পদ্ধতি।

২৮. অক্ষ বা Digit কী?

উত্তর: কোন সংখ্যা পদ্ধতি লিখে প্রকাশ করার জন্য যে সমস্ত সাংকেতিক চিহ্ন বা মৌলিক চিহ্ন ব্যবহার করা হয়, তাই অক্ষ বা digit।

২৯. দশমিক পদ্ধতিতে মোট অক্ষ কতটি?

উত্তর: ১০টি।

৩০. বাইনারি পদ্ধতিতে মোট অক্ষ কতটি?

উত্তর: ২টি।

৩১. বাইনারি সংখ্যা পদ্ধতির বেজ কত?

উত্তর: ২।

৩২. হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতির ভিত্তি কত?

উত্তর: ১৬।

৩৩. বাইনারি সংখ্যা পদ্ধতিতে ক্ষুদ্রতম একক কোনটি?

উত্তর: বিট।



Teacher's Work

১. কম্পিউটার ব্যবহৃত দুটি অঙ্ক-

ক) ১ ও ২

খ) ১ ও ৩

গ) ০ ও ১

ঘ) ০ ও ২

গ

২. এক Word কত বিট বিশিষ্ট হয়?

ক) ৪

খ) 16

গ) 4

ঘ) 2

ক

৩. অক্টাল সংখ্যা পদ্ধতির উদ্ভাবক কে?

ক) গটফ্রিড লিবনিজ

খ) রাজা ৭ম চার্লস

গ) আল খোয়ারিজমি

ঘ) আলহাজেম

খ

৪. কম্পিউটারের সমস্ত কাজ সম্পাদিত হয় কোন সংখ্যার দ্বারা?

ক) ০ এবং ১

খ) বাইনারি

গ) ০ এবং ২

ঘ) ২ এবং ৩

ক

৫. কোনটি গণনা পদ্ধতি নয়?

ক) ডেসিমেল

খ) বিসিডি

গ) হেক্সাডেসিমেল

ঘ) অক্টাল

খ

৬. নিচের কোনটি Octal number নয়?

ক) 77

খ) 19

গ) 15

ঘ) 16

খ

৭. হেক্সাডেসিমেল নম্বর গঠনের সংমিশ্রণ হলো-

ক) বাইনারি ও ডেসিমেল নম্বর

খ) অক্ষর ও ডেসিমেল ডিজিট

গ) বাইনারি ও অক্টাল নম্বর

ঘ) অক্টাল ও ডেসিমেল নম্বর

খ

৮. দ্বিমিক যোগফল নির্ণয় কর : 101011, 110011

ক) 011000

খ) 1100111

গ) 1101011

ঘ) 1011110

ঘ

৯. $(2FA)_{16}$ এই হেক্সাডেসিমেল সংখ্যাটিকে অক্টালে রূপান্তর করুন-

ক) $(762)_8$

খ) $(1372)_8$

গ) $(228)_8$

ঘ) $(1482)_8$

খ

১০. নিচের কোন Octal সংখ্যাটি Decimal সংখ্যা ৫৫-এর সমতুল্য? [৪৪তম বিসিএস]

ক) ৫৫

খ) ৭৭

গ) ৬৭

ঘ) ৮৭

গ



Boolean Algebra

প্রখ্যাত ইংরেজি গণিতবিদ জর্জ বুল (George Boole) ১৮৪৭ সালে সর্বপ্রথম গণিত ও যুক্তির মধ্যে যে গভীর সম্পর্ক রয়েছে তার ধারণা দেন যা বুলিয়ান অ্যালজেবরা নামে পরিচিত।

মূলকথা, যৌক্তিক চলক এবং যুক্তিমূলক অপারেশন সমূহের সহযোগে গঠিত গণিতকেই বুলিয়ান বীজগণিত বলে।

বুলিয়ান অ্যালজেবরা মূলত লজিকের সত্য এবং মিথ্যা এ দুই স্তরের ওপর ভিত্তি করে রচিত হয়েছে। পরবর্তীকালে কম্পিউটারে বাইনারি সংখ্যা পদ্ধতি আবিষ্কৃত হয়। বুলিয়ান অ্যালজেবরার সত্য এবং মিথ্যাকে যথাক্রমে বাইনারি 1 ও 0 দিয়ে পরিবর্তন করার মাধ্যমে সকল গাণিতিক সমস্যা সমাধান করা সম্ভব।

আধুনিক ইলেকট্রনিক্স যন্ত্রে ডিজিটাল সিস্টেম বিশ্লেষণ ও ডিজাইনের জন্য বুলিয়ান অ্যালজেবরা বেশ সফল ও কার্যকরী গাণিতিক পদ্ধতি। বুলিয়ান অ্যালজেবরায় শুধু বুলিয়ান যোগ এবং গুণ এর মাধ্যমে সমস্ত অংক করা হয়। যোগ এবং গুণের ক্ষেত্রে বুলিয়ান অ্যালজেবরা কতগুলো নিয়ম মেনে চলে। আর এই নিয়মগুলোকে বুলিয়ান স্বতঃসিদ্ধ (postulates) বলা হয়।

কোন সার্কিটে বিদ্যুতের উপস্থিতিতে 1 এবং অনুপস্থিতিতে 0 ধরা হয়। বুলিয়ান অ্যালজেবরার সাথে সাধারণ অ্যালজেবরার বাস্তবে কোনো মিল নেই। সাধারণ অ্যালজেবরায় কোন চলক বা ভেরিয়েবলের বিভিন্ন মান হতে পারে। কিন্তু বুলিয়ান অ্যালজেবরায় একটি চলকের মান কেবলমাত্র সত্য অথবা মিথ্যা অর্থাৎ 1 অথবা 0 দ্বারা প্রকাশ করা হয়। বুলিয়ান অ্যালজেবরায় কোন ধরনের ভগ্নাংশ, লগারিদম, বর্গ, ঋণাত্মক সংখ্যা, বা কাল্পনিক সংখ্যা, ইত্যাদি ব্যবহার হয় না।

বুলিয়ান চলক (Boolean Variable)

বুলিয়ান অ্যালজেবরায় যার মান সময়ের সাথে পরিবর্তিত হয় তাকে বুলিয়ান চলক বলে।

যেমন- $Y=A+B$, এখানে A এবং B হচ্ছে চলক।

বুলিয়ান ধ্রুবক (Boolean Constant)

বুলিয়ান অ্যালজেবরায় যার মান সময়ের সাথে অপরিবর্তিত থাকে তাকে বুলিয়ান ধ্রুবক বলে।

যেমন- $Y=1+0$, এখানে 1 এবং 0 হচ্ছে বুলিয়ান ধ্রুবক।

বুলিয়ান অ্যালজেবরায় ব্যবহৃত গুরুত্বপূর্ণ কিছু নিয়ম-

১. $1 + 1 = 1$	৫. $A + 0 = A$
২. $A + 1 = 1$	৬. $A \cdot A = A$
৩. $A + A = A$	৭. $A \cdot \bar{A} = 0$
৪. $A + \bar{A} = 1$	৮. $A + B = B + A$

বুলিয়ান উপপাদ্য (Boolean Theorems) :

⇒ মৌলিক উপপাদ্য :

- ১। (i) $A+0 = A$ (ii) $A \cdot 1 = A$
 ২। (i) $A+\bar{A} = 1$ (ii) $A \cdot \bar{A} = 0$
 ৩। (i) $A+A = A$ (ii) $A \cdot A = A$
 ৪। (i) $A+1 = 1$ (ii) $A \cdot 0 = 0$

⇒ বিনিময় উপপাদ্য :

- ৫। (i) $A + \bar{B} = \bar{B} + A$ (ii) $A \cdot \bar{B} = \bar{B} \cdot A$

⇒ অনুষ্ক উপপাদ্য :

- ৬। (i) $A+(B+C) = (A+B)+C$ (ii) $A(BC) = (AB)C$

⇒ বিভাজন উপপাদ্য :

- ৭। (i) $A(B+C) = AB+AC$ (ii) $A+BC = (A+B)(A+C)$



এক কথায় উত্তর

১. লজিক গেইট কী?

উত্তর: যে সকল ডিজিটাল ইলেকট্রনিক্স সার্কিট যুক্তিভিত্তিক সংকেতের প্রবাহ নিয়ন্ত্রণ করে, সে সকল সার্কিটকে লজিক গেইট বলে।

২. ডিজিটাল ইলেকট্রনিক্সে কয়টি মৌলিক লজিক গেইট ব্যবহৃত হয়?

উত্তর: ৩টি। যথা- অর (OR), অ্যান্ড (And), Not (নট)।

৩. সার্বজনীন লজিক গেইট কত প্রকার?

উত্তর: NAND ও NOR।

৪. মৌলিক গেইট কী?

উত্তর: যে সকল গেইট দ্বারা বুলিয়ান অ্যালজেবরার মৌলিক অপারেশনগুলো বাস্তবায়ন করা হয়, তাদেরকে মৌলিক গেইট বলে।

৫. সার্বজনীন গেইট কী?

উত্তর: যে সকল গেইটের মাধ্যমে অ্যান্ড, অর ও নট গেইটের ফাংশনকে প্রতিস্থাপন করা যায়, তাদেরকে সার্বজনীন গেইট বলে।

৬. OR Gate এবং Not গেইটের সমন্বয়ে গঠিত হয় কোন গেইট?

উত্তর: নর (NOR) গেইট।

৭. AND গেইট এবং NOT গেইটের সমন্বয়ে গঠিত হয় কোন গেইট?

উত্তর: ন্যান্ড (NAND) গেইট।

৮. বুলিয়ান অ্যালজেবরার ধারণা দেন কে?

উত্তর: জর্জ বুল।

৯. বুলিয়ান চলক কী?

উত্তর: বুলিয়ান অ্যালজেবরায় যার মান সময়ের সাথে পরিবর্তিত হয়, তাকে বুলিয়ান চলক বলে।

১০. বুলিয়ান ধ্রুবক কী?

উত্তর: বুলিয়ান অ্যালজেবরায় যার মান সময়ের সাথে অপরিবর্তিত থাকে, তাকে বুলিয়ান ধ্রুবক বলে।

১১. ইনভারটার হিসেবে কাজ করে কোন গেইট?

উত্তর: NOT গেইট।

১২. NAND গেইটের আউটপুট কোন গেইটের আউটপুটের বিপরীত?

উত্তর: AND গেইট।





Teacher's Work



১. নিচের কোনটি সার্বজনীন ডিজিটাল লজিক গেইট?

ক) XOR	খ) AND	গ) NOR	ঘ) OR	গ
--------	--------	--------	-------	---
২. যে ইলেক্ট্রনিক লজিক গেটের আউটপুট লজিক 0 শুধুমাত্র যখন সকল ইনপুট লজিক 1 তার নাম- [৪১তম বিসিএস]

ক) AND গেইট	খ) OR গেইট	গ) NAND গেইট	ঘ) উপরের কোনোটিই নয়	গ
-------------	------------	--------------	----------------------	---
৩. একটি লজিক গেট এর আউটপুট 1 হয় যখন এর সব ইনপুট 0 থাকে। এই গেটটি- [৩৮তম বিসিএস]

ক) AND	খ) OR	গ) XOR	ঘ) NAND	ঘ
--------	-------	--------	---------	---
৪. কোনটিতে আউটপুট 1 হয় যখন সব ইনপুট 0 থাকে?

ক) AND	খ) OR	গ) XOR	ঘ) NAND	ঘ
--------	-------	--------	---------	---
৫. কোনটি সার্বজনীন গেইট?

ক) AND	খ) XOR	গ) NOR	ঘ) NAND	ঘ
--------	--------	--------	---------	---
৬. সঠিক নয় কোনটি?

ক) $A.1=A$	খ) $A+0=A$	গ) $A.A'=1$	ঘ) $0+A'=A'$	গ
------------	------------	-------------	--------------	---
৭. Boolean Algebra কোনটি সঠিক?

ক) $A.A=1$	খ) $A+\bar{A}=1$	গ) $A+A=2A$	ঘ) কোনোটিই নয়	খ
------------	------------------	-------------	----------------	---
৮. মৌলিক গেট নয় কোনটি?

ক) OR	খ) NOT	গ) XOR	ঘ) AND	গ
-------	--------	--------	--------	---

Concept of code

কম্পিউটারসহ সকল ডিজিটাল ইলেকট্রনিক্স যন্ত্র বাইনারি সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা বোঝে না। তাই ইনপুট ডিভাইসের মাধ্যমে ইনপুটকৃত বর্ণ অথবা সংখ্যাকে বাইনারি সংখ্যায় প্রকাশ করে কম্পিউটারে বা ইলেকট্রনিক্স যন্ত্রে প্রেরণ করতে হয়। অংক, অক্ষর এবং অন্যান্য চিহ্ন কম্পিউটারে প্রকাশের জন্য ব্যবহৃত বিটের বিন্যাসকে কোড বা তথ্য সংকেত বলা হয়। কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত প্রতিটি ইনপুটকৃত বর্ণ, চিহ্ন বা সংখ্যাকে আলাদাভাবে সিপিইউকে (CPU) বোঝানোর জন্য বিভিন্ন বিন্যাসের অদ্বিতীয় (unique) বাইনারি সংকেত তৈরি করা হয়। আর এই অদ্বিতীয় সংকেতকে কোড (code) বলা হয়।

যেমন-BCD, ASCII, EBCDIC, Unicode ইত্যাদি।

কম্পিউটারের প্রক্রিয়াকরণের কাজ সম্পাদনের প্রয়োজনে এ ধরনের নির্দিষ্ট সংকেতে রূপান্তরের পদ্ধতিকে বলা হয় এনকোডিং (Encoding)। কম্পিউটারের উপাত্ত বা ডেটা প্রক্রিয়াকরণের পর ফলাফল বা আউটপুট মানুষের বোধগম্য করার জন্য আবার আউটপুটকে সংখ্যা, বর্ণ বা বিশেষ চিহ্নে রূপান্তর করা হয়। এই পদ্ধতিকে বলা হয় ডিকোডিং (Decoding)।

BCD কোড: BCD একটি নিউমেরিক কোড। দশমিক সংখ্যার প্রত্যেকটি অঙ্কে আলাদাভাবে 4টি বাইনারি বিট দ্বারা প্রকাশ করা হয়। বিসিডি কোডের সাহায্যে 2^4 বা 16টি অদ্বিতীয় কোড নির্দিষ্ট করা যায়। বিসিডি কোডের সাহায্যে দশমিক সংখ্যা 0-9 পর্যন্ত মোট দশটি অঙ্কে সমতুল্য 4 বিটের বাইনারি সংখ্যায় রূপান্তর করে প্রকাশ করা হয় কিন্তু 10-15 পর্যন্ত এই ছয়টি সংখ্যাকে কখনোই ব্যবহার করা হয় না। BCD কোড ১৯২৮ সালে IBM কর্তৃক উদ্ভাবিত হয়। ক্যালকুলেটরে ডেটা সংরক্ষণ, BIOS এর তারিখ সংরক্ষণের জন্য BCD কোড ব্যবহৃত হয়।

EBCDIC (Extended Binary Coded Decimal Information Code) কোড: IBM উদ্ভাবিত একটি ৮ বিট কোড। $2^8 = 256$ টি অদ্বিতীয় কোড নির্দিষ্ট করা যায়।

আলফানিউমেরিক কোড: সংখ্যা (0-9) এবং অক্ষর (A-Z, a-z), যতিচিহ্ন (., - (), {} ইত্যাদি), গাণিতিক চিহ্ন (+ - * / = ইত্যাদি), বিশেষ চিহ্ন (#, @) ইত্যাদি সম্বলিত কোডকে আলফা নিউমেরিক কোড বলে। যেমন- আসকি এবং ইউনিকোড। 7 বিটের কোড হওয়ার 2^7 বা 128টি অদ্বিতীয় কোড নির্দিষ্ট করা যায়। 8 বিটযুক্ত Extended ASCII কোড (ASCII 8) এর মাধ্যমে $2^8 = (=256)$ টি অদ্বিতীয় কোড নির্দিষ্ট করা যায়।

Apple Computer Corporation এবং Xerox Corporation-এর বিভিন্ন প্রকৌশলী ১৯৯১ সালে Unicode (পুরো নাম Universal Code) আবিষ্কার করেন। Unicode একটি 16 বিট (২ বাইট) এর কোড যার সাহায্যে 2^{16} বা 65536টি কোড গ্রুপ তৈরি করা যায়।

কোডের নাম	BCD	EBCDIC	ASCII 7	ASCII 8	Unicode
বিট	4	8	7	8	16
অদ্বিতীয় ক্যারেক্টার	$2^4 = 16$	$2^8 = 256$	$2^7 = 128$	$2^8 = 256$	$2^{16} = 65536$

ওয়ারলেস কমিউনিকেশন সিস্টেম (Wireless Communication System):

কোনো প্রকার তার ব্যবহার না করেই তথ্য আদান-প্রদান তথা যোগাযোগ করার পদ্ধতিকে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম বলে। এর সাহায্যে বিশ্বের যেকোন প্রান্তে অবস্থান করেই একে অন্যের সাথে বিভিন্ন প্রকার যোগাযোগ যেমন- কথা বলা, টেক্সট মেসেজিং, চ্যাটিং ইত্যাদি কাজ খুব সহজেই করা যায়।

হটস্পট (Hotspot)

হটস্পট হল এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল কম্পিউটার ও ডিভাইস যেমন: স্মার্ট ফোন, পিডিএ, ট্যাব, নেটবুক, নোটবুক বা ল্যাপটপ ইত্যাদিতে ইন্টারনেট সংযোগ সরবরাহ করে।



▶ ব্লুটুথ (Bluetooth)

স্বল্প দূরত্বের তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) প্রটোকল যা ডেটা আদান প্রদান করে। অবস্থানের পরিবর্তন হলে এটির সংযোগ বিচ্ছিন্ন হয়। এটা একসাথে মোট ৮টি ডিভাইসের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে। এটি চারিদিকে (১-১০০) মিটার ব্যাসার্ধের নেটওয়ার্ক তৈরি করতে পারে। এটি IEEE 802.15 স্ট্যান্ডার্ড নামে পরিচিত।



▶ ওয়াই-ফাই (Wi-Fi)

